

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.১২০

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫

১০ এপ্রিল ২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব, মোঃ শরীফুল ইসলাম, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে তার দায়িত্বপ্রাপ্ত বাঁদের ইউনিয়নে দায়িত্ব পালনে চরম গাফিলতি, সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণ আদায়ে চরম অনীহা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তাকে কৈফিয়ত তলব করা হলেও তার আচরণ এবং কাজ না করার মানসিকতার কোন পরিবর্তন হয়নি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অদক্ষতার প্রমাণ। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩. এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



১০-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-

rdcd.gov.bd

জনাব মোঃ শরীফুল ইসলাম, মাঠসহকারী
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.১২০/১

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫

১০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭১, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।



১০-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক